**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনে তিনটি আসনের চারটি ভোট কেন্দ্রে আজ পুনরায় ভোট গ্রহন শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে।**
**(২) এডিসি নির্বাচনের ভোট গণনা আগামীকাল। সবকয়টি গণনা কেন্দ্রে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।**
**(৩) 'নারী শক্তি বন্দন অধিনিয়ম' সংক্রান্ত সাংবিধানিক সংশোধনী নিয়ে সংসদের বিশেষ অধিবেশনে আলোচনা শুরু।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের উন্নয়নে নারী শক্তি এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং নীতি নির্ধারণে তাঁদের যথাযথ প্রতিনিধিত্ব দেওয়া সময়ের দাবি।**

**************************************

**ADC Re-Poll :**

এডিসি নির্বাচনে তিনটি আসনের চারটি ভোট কেন্দ্রে আজ পুনরায় ভোট গ্রহন শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। সিপাহীজলা জেলায় এডিসির পেকুয়ারজলা-জন্মেজয়নর কেন্দ্রের হীরাপুর এস.বি.স্কুল, ধলাই জেলার কুলাই-চাম্পাহাওর কেন্দ্রের ভাটিময়দান এস.বি.স্কুল ও রামদেব ঠাকুর পাড়া ভোটকেন্দ্র, খোয়াই জেলার মহারানীপুর-তেলিয়ামুড়া কেন্দ্রে নন্দকুমার পাড়া জে.বি. স্কুলে আজ পুনরায় ভোট নেয়া হয়।

আমাদের সিপাহীজলা জেলার সংবাদদাতা অভিজিৎ বর্ধন জানিয়েছেন, পেকুয়ারজলা-জন্মেজয় নগর আসনের হিরাপুর এস.বি স্কুলের ভোট কেন্দ্রে গত ১২ই এপ্রিল ভোট গ্রহনের সময় কিছু অনিয়মের কারনে আজ পুনরায় ভোট গ্রহন করা হয়। সিভিল সেক্টর অফিসার রাজীব দেববর্মা জানিয়েছেন

শান্তিপূর্ণ ভাবেই অনুষ্ঠিত হয়েছে পুনঃনির্বাচন। এই ভোট কেন্দ্রে ১৭ জন পোস্টাল ব্যালট ভোটার সহ মোট ভোটার সংখ্যা ১ হাজার ১২ জন। ভোটকেন্দ্রে এসে ভোট প্রদানের কথা ছিল ৯৯৫ জনের। তার মধ্যে আজ ভোট দিয়েছেন ৮৬৪ জন ভোটার।

খোয়াই থেকে আমাদের সংবাদদাতা আশীষ চক্রবর্তী জানিয়েছেন, আজ কুলাই-চাম্পাহাওর আসনের ভাঁটি ময়দান এস বি স্কুল ভোট কেন্দ্রে ভোট পড়েছে ৮২ শতাংশ। রামদেব ঠাকুর পাড়া স্কুল ভোট কেন্দ্রে ভোট পড়েছে ৭১ শতাংশ এবং তেলিয়ামুড়া-মহারানীপুর আসনের নন্দকুমার পাড়া জে বি স্কুল ভোট পড়েছে ৭৬ শতাংশ।

***************************

**ADC Election Counting :**

এডিসি নির্বাচনের ভোট গননা আগামীকাল। ১৭টি গননা কেন্দ্রে ২৮টি আসনের ভোট গননা করা হবে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন আকাশবাণীকে জানিয়েছেন, গননা কেন্দ্রের চারপাশে কড়া নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। সংশ্লিষ্ট জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে ভারতীয় ন্যায় সংহিতা অনুযায়ী ভোট কেন্দ্রের চারপাশে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য। রাজনৈতিক দলের কর্মী সমর্থকদের জমায়েতের জন্য নিরাপদ দূরত্ব বজায় রেখে নির্দিষ্ট এলাকা চিহ্নিত করতে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব বলেছেন, আগামীকাল ভোট গননায় প্রথমে পোস্টাল ব্যালেট গোনা হবে, তার অব্যবহিত পরেই ইভিএমের ভোট গননা হবে।

*************************

**ADC-Counting :**

দক্ষিণ জেলার পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর জানিয়েছেন, দক্ষিণ জেলায় বীরচন্দ্র-কলসী আসনের ভোট গননা শান্তিরবাজারে এবং পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি ও শিলাছড়ি-মনুবনকুল আসনের ভোট গননা হবে

সাব্রুম মহকুমা শাসকের অফিসে। গননাকেন্দ্রে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা থাকবে।

আগামীকাল ভোটগননা উপলক্ষে আজ কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে গননাকর্মীদের নিয়ে মহড়া তথা প্রশিক্ষণপর্ব অনুষ্ঠিত হয়। এখানে গননার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে করণীয় এবং রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকা সম্পর্কে অবহিত করা হয়।

উল্লেখ্য মাছমারা ও করমছড়া আসনের ভোটগণনা করা হবে কুমারঘাট গার্লস স্কুল গননাকেন্দ্রে। কুমারঘাটের SDM তথা রিটার্নিং অফিসার এন এস চাকমা আজ এখবর জানিয়েছেন।

***************************

**Special Bulletin :**

এডিসি নির্বাচনের ভোট গণনা উপলক্ষ্যে আগামীকাল আকাশবাণী আগরতলার এফ এম উজ্জ্বয়ন্ত-তে বিশেষ নির্বাচনী সংবাদ সম্প্রচার করা হবে। প্রথমে ককবরকে দুপুর ২টা ২৫ মিনিট থেকে এরপর বাংলায় ৩টা ৫৫ মিনিট থেকে বিশেষ নির্বাচনী সংবাদ সম্প্রচার করা হবে।

***************************

**Parliament-Special Session :**

"নারী শক্তি বন্দন অধিনিয়ম" সংক্রান্ত সাংবিধানিক সংশোধনী নিয়ে আলোচনার জন্য আজ থেকে সংসদের বিশেষ অধিবেশন শুরু হয়েছে। যা চলবে আগামী শনিবার পর্যন্ত। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন মেঘওয়াল আজ লোকসভায় সংবিধানের একশো একত্রিশতম সংশোধনী বিল, ২০২৬ এবং সীমানা নির্ধারণ বিল, ২০২৬ পেশ করেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কেন্দ্রশাসিত অঞ্চল আইন (সংশোধনী) বিল, ২০২৬ পেশ করেছেন।

বিলগুলো পেশ করার সময় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল আজকের দিনটিকে ঐতিহাসিক আখ্যা দিয়ে বলেন, সরকার নারীদের রাজনৈতিক

ন্যায়বিচার দিতে কাজ করছে। তিনি বলেন, সংবিধানের একশো একত্রিশতম সংশোধনী বিল, ২০২৬, নারীদের সমতা নিশ্চিত করবে। ডঃ বি আর আম্বেদকরকে উদ্ধৃত করে শ্রী মেঘওয়াল বলেন, একটি সম্প্রদায়ের অগ্রগতি পরিমাপ করা হয় নারীরা কতটা অগ্রগতি অর্জন করেছে তার ভিত্তিতে। তিনি বলেন, নারীদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণ এখন শুধু সময়ের অপেক্ষা।

আইনমন্ত্রী বলেন, সারাদেশে নারীদের জন্য সংরক্ষিত আসনের একটি অভিন্ন এবং আইনগতভাবে সামঞ্জস্যপূর্ণ বন্টন বাস্তবায়নের জন্য লোকসভার মোট আসন সংখ্যা বর্তমান সংখ্যার চেয়ে ৫০ শতাংশ বাড়ানো প্রয়োজন হবে। তিনি আরও বলেন যে, এই বৃদ্ধির ফলে লোকসভার নতুন সদস্য সংখ্যা হবে ৮১৫ জন। তিনি বলেন যে, এর মধ্যে ২৭২টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে।

নারী শক্তি বন্দন অধিনিয়মের সাংবিধানিক সংশোধনী বিলটির উপর আলোচনা করতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের উন্নয়নে নারী শক্তি এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং নীতি নির্ধারণে তাঁদের যথাযথ প্রতিনিধিত্ব দেওয়া সময়ের দাবি।

প্রধানমন্ত্রী বিরোধী দলগুলোকে এই ঐতিহাসিক আইনটিকে রাজনৈতিক রঙ না দেওয়ার জন্য আবেদন করেছেন, কারণ এটি সবার এবং দেশের গণতন্ত্রের জন্য মঙ্গলজনক হবে। তিনি বলেন, যারা এখন এই আইনের বিরোধিতা করবে, ভবিষ্যতে তাদের তার ফল ভোগ করতে হবে। শ্রী মোদী বলেন, এটি দেশের গতিপথ ও ভবিষ্যৎ নির্ধারণে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

#####Byte-PM-1####

প্রধানমন্ত্রী আরো বলেন, একটি উন্নত ভারত কেবল পরিকাঠামো, রেলপথ বা অর্থনৈতিক সূচকের মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং এতে নারীদের সমান অংশগ্রহণও প্রয়োজন। তিনি বলেন, সরকার নীতি নির্ধারণে 'সবকা সাথ, সবকা বিকাশ' এর চেতনা চায়।

#####Byte-PM-2####

আলোচনায় অংশ নিয়ে সমাজবাদী পার্টির সাংসদ অখিলেশ যাদব বলেন, তাঁর দল নারী সংরক্ষণকে সমর্থন করে। তবে, সর্বশেষ আদমশুমারি শেষ হওয়ার পরেই নারী সংরক্ষণ বিলটি আনা উচিত।

কংগ্রেস সাংসদ গৌরব গগৈ বলেন, কংগ্রেস দল নারী সংরক্ষণের পক্ষে, কিন্তু এটিকে সরলীকরণ করা উচিত এবং আসন পুনর্নির্ধারণের সঙ্গে যুক্ত করা উচিত নয়। তিনি বলেন, লোকসভার বিদ্যমান ৫৪৩টি আসনের ভিত্তিতেই এই সংরক্ষণ হওয়া উচিত।

******************************

**Nari Shakti Vandan Adhiniyam-Rally :**

সংসদে পেশ করা নারী শক্তি বন্দন অধিনিয়ম বিলকে স্বাগত জানিয়ে আজ আগরতলা শহরে বিজেপি সদর শহর জেলা ও সদর গ্রামীণ জেলার মহিলা সংগঠন ধন্যবাদ সূচক পদযাত্রা আয়োজন করে। পদযাত্রায় নেতৃত্ব দেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, সহ-সভানেত্রী পাপিয়া দত্ত প্রমুখ।

***************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, আগরতলা পুর নিগম আগরতলা শহরকে নিরাপদ পানীয় জল সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আজ আগরতলা শহরের বিভিন্ন জলে নিষ্কাশনী ব্যবস্থা, উষা বাজারে ৪ এমডি ক্ষমতাসম্পন্ন সুয়েস ট্রিটমেন্ট প্লান্ট, চান্দিনামুরায় এম আর এফ স্টেশন পরিদর্শন শেষে তিনি একথা বলেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Package Story–Jan Vishwas Bill :**

জনবিশ্বাস (বিধান সংশোধনী) বিল-২০২৬ চলতি এপ্রিল মাসেই সংসদের উভয় কক্ষে অনুমোদন লাভ করেছে। এই বিল ভারতের আইনী ও প্রশাসনিক ব্যবস্থাকে আধুনিক ও নাগরিক কেন্দ্রীক করার এক বলিষ্ঠ পদক্ষেপ। ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও এই সময়োপযোগী বিল নিয়ে ইতিবাচক সাড়া পাওয়া গেছে। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলা, ধলাই, ঊনকোটি ও পশ্চিম জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া খোয়াই, দক্ষিণ ও সিপাহীজলা জেলাতে বজ্র বিদ্যুৎ সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের

সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ পাঁচটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব ১০ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং হার্ভে ক্লাব ৭ উইকেটে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে। এছাড়া নরসিংগড়ের পিটিএ মাঠে দুটি খেলায় কসমোপলিটন ক্লাব ২৩ রানে ইউনাইটেড বি এস টি-কে এবং শতদল সংঘ ৭৪ রানে ওল্ড প্লে সেন্টারকে হারিয়ে দেয়। এছাড়া নরসিংগড়ের টি আই টি মাঠে একটি খেলায় চলমান সংঘ ৭ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

***************************